



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

টেলিফোনঃ +৮৮০২-৫৮৮৮-৬৬৭৯৮ ফ্যাক্সঃ +৮৮০২-৫৮৮৮-৬৬৯৩৫

email: registrar@ruet.ac.bd website: www.ruet.ac.bd

ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর অন্তর্গত ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ নিম্নরূপঃ

ক্রমিক নং	বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের নাম	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা বা আইডিয়াটি কার্যকর আছে কিনা/ না থাকলে কারণ	সেবা প্রত্যাশীগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কিনা	সেবার লিঙ্ক	মন্তব্য
০১	লাইব্রেরী সিস্টেম অটোমেশন	<p>রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল লাইব্রেরি সিস্টেম দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিগুলোর মধ্যে অন্যতম। ফলে লাইব্রেরিতে থাকা বইগুলোর মধ্যে নিজের প্রয়োজনীয় বইটি আছে কি না তা ঘরে বসেই সার্চ করে দেখতে পারছেন শিক্ষার্থীরা। লাইব্রেরির নিয়ম-নীতি, বই নেওয়া ও জমা দেওয়াসহ নানা সেবা পাওয়া যায় এই ওয়েবসাইটে। একইসঙ্গে স্টুডেন্ট ডাটাবেজও তৈরি করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ফলে আইডি কার্ডের বারকোড ব্যবহার করে বিভিন্ন সেবা পাচ্ছেন শিক্ষার্থীরা। প্রায় ছয় হাজার শিক্ষার্থীর প্রত্যেকের নামে প্রতিষ্ঠানিক ওয়েব মেইল খোলা হয়েছে। মাস্টার্স ও পিএইচডির শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রমও অনলাইনে সম্পন্ন করার সুযোগ সৃষ্টি করেছে বুয়েট।</p> <p>এ লাইব্রেরিতে বর্তমানে ৪৪ হাজার ৩টি বই, ৩ হাজার ৪০১টি জার্নাল, ২ লাখ ১০ হাজার ৭১টি ই-জার্নাল, ৮ হাজার ৪৭টি ই-বুক, ৭০৮টি অডিও ভিডিয়াল সামগ্রী ও ৪১৮টি অন্যান্য সংগ্রহ রয়েছে। এই সমস্ত কিছু বর্তমানে স্থানীয় শিক্ষার্থীরা ছাড়াও বিশ্বের বিভিন্ন দেশের শিক্ষার্থী ও গবেষকরা অন-লাইনে পড়তে পারছেন। অন-লাইন ভিত্তিক লাইব্রেরি বই, জার্নাল, ই-জার্নাল, ই-বুক, অডিও ভিডিয়াল সামগ্রী থেকে শিক্ষার্থীরা যেমন সমৃদ্ধ হচ্ছে, তেমনি</p>	কার্যকর আছে	সুফল পাচ্ছে	http://centrallibrary.ruet.ac.bd/	



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

টেলিফোনঃ +৮৮০২-৫৮৮৮-৬৬৭৯৮ ফ্যাক্সঃ +৮৮০২-৫৮৮৮-৬৬৯৩৫

email: registrar@ruet.ac.bd website: www.ruet.ac.bd

		বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এ লাইব্রেরি ডিজিট করে জ্ঞানের আলোয় আলোকিত হচ্ছেন।				
০২	শিক্ষার্থীদের রেজাল্ট সিস্টেম অটোমেশন	রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান রেজাল্ট সিস্টেম অটোমেশন করা হয়েছে। এতে শিক্ষার্থীরা ঘরে বসেই তার কোর্স কারিকুলাম থেকে শুরু করে পরীক্ষার ফলাফলসহ সব বিষয়ে জানতে পারবেন। অভিভাবকরাও মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে সন্তানের পরীক্ষার ফলাফল জানতে পারবেন।	কার্যকর আছে	সুফল পাচ্ছে	https://ugresult.ruet.ac.bd/	
০৩	শিক্ষক ও কর্মকর্তা/কর্মচারীদের বেতন অটোমেশন	রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্যালারি অটোমেশনের মাধ্যমে শুধু কর্মরত শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের পাওনা পরিশোধ করা হচ্ছে তা নয়, যথাযথ ই-টিন এর আওতায় তাদের আনা হয়েছে। ওয়েবসাইটে নিজস্ব আইডি-পাসওয়ার্ড ব্যবহার করে ঘরে বসেই নিজের বেতন, ঋণ সুবিধা, কিস্তি পরিশোধ, ছুটিসহ সার্বিক বিষয়ে তথ্য পাচ্ছেন তারা। এছাড়া স্যালারি অটোমেশনের মাধ্যমে সব হিসাব স্বচ্ছ ও সুন্দরভাবে গোছানো থাকায় কল্যাণ সেলের আওতায় অবসর গ্রহণকালীন ছুটিতে (পিআরএল) যাওয়া শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা তাদের শেষ কর্মদিবসেই নিজ নিজ হিসাবে সমস্ত আর্থিক সুবিধা পেয়ে থাকেন। প্রযুক্তির এই উৎকর্ষতার কারণে চাকরি শেষে রুয়েটের কাউকে আর নিজের পাওনা টাকার জন্য দফতরে দফতরে ঘুরতে হয় না।	কার্যকর আছে	সুফল পাচ্ছে	http://accounts.ruet.ac.bd/	